# কচুয়া উপজেলাধীন সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভা নং-১৯

সভার তারিখ ও সময়ঃ ১০/০২/২০২১ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা।
সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট মহোদয়ের অফিস কক্ষ।
সভাপতিঃ জনাব মোঃ ফিরোজ আহম্মেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।

## সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ও উপস্থিতি স্বাক্ষরঃ

| ক্রঃ নং | সদস্যের নাম | পদের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ ফিরোজ আহম্মেদ<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট। | সভাপতি | |
| ০২. | জনাব নাজমা সরোয়ার<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট | সদস্য | |
| ০৩. | চেয়ারম্যান<br>৬ নং রাড়ীপাড়া ইউনিয়ন পরিষদ, কচুয়া, বাগেরহাট। | সদস্য | |
| ০৪. | চেয়ারম্যান<br>২ নং ধোপাখালী ইউনিয়ন পরিষদ, কচুয়া, বাগেরহাট। | সদস্য | |
| ০৫. | উপজেলা সমাজ সেবা অফিসার<br>কচুয়া, বাগেরহাট। | সদস্য সচিব | 10.02.2022 |

আলোচ্য সূচীঃ

১. বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২. সামাজিক নিরাপত্তা কর্মসূচী সংক্রান্ত।
৩. বিবিধ

সভার শুরুতে সভাপতি মহোদয় কচুয়া উপজেলা পরিষদের সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য সদস্য সচিব, উপজেলা সমাজসেবা অফিসার , কচুয়া, বাগেরহাটকে অনুরোধ করেন।

| ক্রম | আলোচনার বিষয়বস্তু | আলোচনার বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন | - | উপজেলা সমাজসেবা অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত হয় । | - |
| ২ | প্রশিক্ষণ আয়োজনের প্রস্তাব | ১) পল্লী মাতৃকেন্দ্রের সদস্য ও সম্পাদিকাদের প্রশিক্ষণ<br>২) পল্লী সমাজসেবা প্রকল্প গ্রামের সদস্য ও দলনেতাদের প্রশিক্ষণ<br>৩) ইউপি সদস্য, দফাদার ও গ্রাম পুলিশদের ভাতা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা সম্পর্কে অবহিত করণ।<br>সমাজসেবা অধিদফতরের ভাতা ও ঋণ কার্যক্রম মাঠ পর্যায়ে যথাযথভাবে বাস্তবায়নের জন্য এই প্রশিক্ষণ ৩টি আয়োজন করা অতীব জরুরী মর্মে সভায় সমাজসেবা অফিসার জানান । | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । উক্ত প্রক্ষিণ ৩ টি আয়োজনের প্রস্তাব উপজেলা পরিষদ বরারব প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহিত হয় । | উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট |
| ৩ | প্রতিবন্ধীন ব্যক্তিদের শিক্ষা উপবৃত্তির কোটা শূন্য থাকা প্রসঙ্গে । | সভায় সমাজসেবা অফিসার জানান যে, প্রতিবন্ধী শিক্ষার্থীরা এখন উপবৃত্তির তুলনায় প্রতিবন্ধী ভাতা নিতে বেশি আগ্রহী। সঙ্গতকারনে প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তির কোটা পূরণ হচ্ছে না। | এ বিষয়ে উপজেলার মাসিক সমন্বয় সভায় সকল ইউনিয়নের চেয়্যারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কচুয়া, বাগেরহাট |
| ৪ | চিকিৎসা সহায়তা সংক্রান্ত | সভায় সমাজসেবা অফিসার জানান যে, ক্যান্সার সহ ৬ টি দুরারোগ্য রোগের জন্য জেলা পর্যায় থেকে এককালীন ৫০০০০/- এবং চিকিৎসা সহায়তা বাবদ এককালীন সর্বোচ্চ ১০০০০/- টাকা অনুদানের জন্য আবেদন করার সুযোগ রয়েছে। এছাড়া কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিকৃত রোগীদের চিকিৎসা সহযোগিতা প্রদান করা হয় মর্মে সভায় সমাজসেবা অফিসার সকলকে অবহিত করেন । | এ বিষয়ে প্রচারন বাড়ানোর জন্য সভায় সিদ্ধান্ত গৃহিত হয় । | উপজেলা সমাজসেবা অফিসার, কচুয়া, বাগেরহাট |
| ৫ | অনলাইনে ভাতা বিতরণ সংক্রান্ত | সভায় সমাজসেবা অফিসার জানান যে, উপজেলাধীন সকল ভাতাভোগীর ভাতা বর্তমানে অনলাইনে বিতরণ করা হচ্ছে । | সময় মৃত ভাতা ভোগীদের স্থলে নতুন ভাতাভোগীদের প্রতিস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থ গ্রহণের জন্য সভায় সকল ইউনিয়ন চেয়্যারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কচুয়া, বাগেরহাট |
| ৬ | প্রতিবন্ধী ব্যক্তিদের কোভিড -১৯ ভ্যাকসিন সংক্রান্ত | উপজেলাধীন সকল প্রতিবন্ধী ব্যক্তিকে কোভিড -১৯ ভ্যাকসিন গ্রহণ নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভায় সকল ইউনিয়ন চেয়ারম্যান ও ইউপি সদস্যেদের দৃষ্টি আকর্ষণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কচুয়া, বাগেরহাট |
| ৭ | সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্তঃ বয়স্ক ভাতা | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, অত্র উপজেলায় চলতি অর্থবছরে বয়স্ক ও বিধবা ভাতার কোন অতিরিক্ত বরাদ্ধ পাওয়া যায়নি। এছাড়া | এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ মত প্রকাশ করেন যে, প্রকৃত প্রতিবন্ধী ব্যক্তিগণ অগ্রাধিকার | - |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ইউনিয়ন কমিটি কর্তৃক প্রতিবন্ধী ভাতার অতিরিক্ত কোটার উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া শেষ পর্যায়ে । | ভিত্তিতে প্রথমে তীব্র এরপর মাঝারি এবং সবশেষে মৃদু মাত্রার প্রতিবন্ধী ব্যক্তিগণ যেন ভাতা সুবিধার আওতায় আসেন। | |
| ৮ | অনলাইন ভাতা ব্যবস্থাপনা সিস্টেম | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ডিজিটার বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে জানু/২০২০ থেকে উপজেলাধীন সকল বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা জিটুপি পদ্ধতিতে ইএফটির মাধ্যমে উপকারভোগীদের মাঝে বিতরণ করা হচ্ছে। কিন্তু কোন কোন ক্ষেত্রে উপকারভোগীর মৃত্যু সংক্রান্ত তথ্য সমাজসেবা অফিসে জমা না হওয়ায় মৃত ভাতাভোগীর স্থলে সময়মত নতুন উপকারভোগী প্রতিস্থাপন করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে সভায় ব্যাপক আলোচনা করা হয়। | মৃত ভাতাভোগীর স্থলে সময়মত নতুন উপকারভোগী প্রতিস্থাপনের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য সভায় ইউনিয়ন চেয়ারম্যান ও ইউপি সদস্যেদের দৃষ্টি আকর্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কচুয়া, বাগেরহাট |
| ৯ | সুদমুক্ত ক্ষুদ্রঋণ | সভায় কচুয়া উপজেলা সমাজসেবা কার্যালয়ের সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে আলোচনা হয়। | সভায় বিস্তারিত আলোচনা শেষে শুধু প্রকৃত অসচ্ছল ব্যক্তিগণ যেন ঋণ সুবিধা পান সেজন্য তদারকি বাড়ানোর বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া খেলাপী ঋণ আদায়ের কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা সমাজসেবা অফিসা কে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কচুয়া, বাগেরহাট |
| ১০ | জনবল | সভায় কচুয়া উপজেলা সমাজসেবা কার্যালয়ের জনবল (মাঠকর্মী) সংকট বিষয়ে আলোচনা করা হয়। সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, উপজেলা সমাজসেবা অফিসে সর্বমোট ০৭ (সাত) জন মাঠকর্মীর স্থলে মাত্র ০১ (এক) জন মাঠকর্মী কর্মরত আছেন। উক্ত ০১ (এক) জন মাঠকর্মীর পক্ষ্যে উপজোধীন সকল ইউনিয়নের ভাতা ও ঋণ কার্যক্রম পরিচালনা করা অত্যন্ত কষ্টসাধ্য হয়ে পড়েছে। এ কারণে অত্র উপজেলার সকল ভাতা ও ঋণ কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়নের জন্য সভায় উপজেলা সমাজসেবা অফিসার সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | - | - |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোঃ ফিরোজ আহম্মেদ)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কচুয়া, বাগেরহাট
ও
সভাপতি
সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ
কচুয়া, বাগেরহাট।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কচুয়া, বাগেরহাট।

স্মারক নং-৪১.০১.০১৩৮.০০০.১৪.০০১.১৯. ৫৭ তারিখ: ১০/০২/২০২২ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।
২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট।
৩. উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, বাগেরহাট।
৪. অফিস কপি।

10.02.2022

(শেখ হাসিবুর রহমান)
উপজেলা সমাজসেবা অফিসার
কচুয়া, বাগেরহাট
ও
সদস্য সচিব
সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ
কচুয়া, বাগেরহাট।

# কচুয়া উপজেলাধীন সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভা নং-১৯

সভার তারিখ ও সময়ঃ ১২/১০/২০২১ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা।
সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট মহোদয়ের অফিস কক্ষ।
সভাপতিঃ জনাব মোঃ ফিরোজ আহম্মেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা ও উপস্থিতি স্বাক্ষরঃ**

| ক্রঃ নং | সদস্যের নাম | পদের নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ ফিরোজ আহম্মেদ<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট। | সভাপতি | 12.10.21 |
| ০২. | জনাব নাজমা সরোয়ার<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট | সদস্য | |
| ০৩. | চেয়ারম্যান<br>৬ নং রাড়ীপাড়া ইউনিয়ন পরিষদ, কচুয়া, বাগেরহাট। | সদস্য | |
| ০৪. | চেয়ারম্যান<br>২ নং ধোপাখালী ইউনিয়ন পরিষদ, কচুয়া, বাগেরহাট। | সদস্য | |
| ০৫. | উপজেলা সমাজ সেবা অফিসার<br>কচুয়া, বাগেরহাট। | সদস্য সচিব | 12.10.21 |

আলোচ্য সূচীঃ

১. বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
২. সামাজিক নিরাপত্তা কর্মসূচী সংক্রান্ত।
৩. বিবিধ

সভার শুরুতে সভাপতি মহোদয় কচুয়া উপজেলা পরিষদের সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর সভাপতি সভা পরিচালনার জন্য সদস্য সচিব, উপজেলা সমাজসেবা অফিসার , কচুয়া, বাগেরহাটকে অনুরোধ করেন।

| | আলোচনার বিষয়বস্তু | আলোচনার বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | বিগত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন | - | উপজেলা সমাজসেবা অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত হয় । | - |
| ২. | সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত: বয়স্ক ভাতা | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরে বয়স্ক ভাতা কর্মসূচিতে নতুন বরাদ্ধ পাওয়া যায় নাই। | - | - |
| ৩. | সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত: বিধবা ভাতা | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরে বিধবা ভাতা কর্মসূচিতে নতুন বরাদ্ধ পাওয়া যায় নাই। | - | - |
| ৪. | সামাজিক নিরাপত্তা কর্মসূচি সংক্রান্ত: প্রতিবন্ধী ভাতা | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, চলতি ২০২১-২০২২ অর্থবছরে প্রতিবন্ধী ভাতা কর্মসূচিতে নতুন ৩০৮ জনের বরাদ্ধ পাওয়া যায়। নব নির্বাচিত ইউপি চেয়ারম্যান/সদস্যবৃন্দ গ্রহণের পর সভা আহ্বান করা যেতে পারে। তাছাড়া প্রকৃত প্রতিবন্ধী ব্যক্তিরা যেন ভাতা থেকে বঞ্চিত না হন সে বিষয়ে আলোচনা করা হয়। | এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং প্রকৃত প্রতিবন্ধী ব্যক্তিরা যেন ভাতা থেকে বঞ্চিত না হন সে জন্য প্রথমে তীব্র মাত্রার প্রতিবন্ধী, এরপর মাঝারি, মৃদু পর্যায়ক্রমে অগ্রাধিকার দেয়ার বিষয়ে স্থায়ী কমিটির সভায় সংশ্লিষ্ট ইউনিয়ন/উপজেলা কমিটিকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কচুয়া, বাগেরহাট। |
| ৫. | প্রান্তিক জরিপ | সভায় বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় অনলাইন জরিপ বহির্ভুতদের (যদি থাকে) অন্তর্ভুক্তির বিষয়ে আলোচনা হয়। এ বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত সকল সদস্যের সহযোগীতা কামনা করেন | বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন প্রকল্পের আওতায় অনলাইন জরিপ বহির্ভুতদের (যদি থাকে) অন্তভুক্তির নিশ্চিত করার জন্য স্থায়ী কমিটির সভায় সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সদস্যদের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কচুয়া, বাগেরহাট। |
| ৬. | হাসপাতাল সমাজসেবা কার্যক্রম: রোগী কল্যাণ সমিতি | সভায় রোগী কল্যাণ সমিতির বিষয়ে আলোচনা করা হয়। | কচুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিকৃত প্রকৃত অসহায়, দুঃস্থ এবং গরীব রোগীরা যেন হাসপাতাল সমাজসেবা কার্যক্রমের যথাযথ সেবা পান সে জন্য তদারকি বাড়ানোর বিষয়ে স্থায়ী কমিটির সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কচুয়া, বাগেরহাট। |
| ৭. | সুদমুক্ত ক্ষুদ্রঋণ | সভায় কচুয়া উপজেলা সমাজসেবা কার্যালয়ের সুদমুক্ত ক্ষুদ্রঋণ বিষয়ে আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনা শেষে শুধু প্রকৃত অসচ্ছল ব্যক্তিবর্গ যেন ঋণ সুবিধা পান সে জন্য তদারকি বাড়ানোর বিষয়ে স্থায়ী কমিটির সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া খেলাপি ঋণ আদায়ে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা সমাজসেবা অফিসাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কচুয়া, বাগেরহাট। |
| ৮. | অনলাইন ভাতা ব্যবস্থাপনা সিস্টেম | সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে | মৃত ভাতাভোগীর স্থলে সময়মত নতুন উপকারভোগী প্রতিস্থাপনের | উপজেলা সমাজসেবা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জানুয়ারি/২০২০ থেকে উপজেলাধীন সকল বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতা জিটুপি পদ্ধতিতে উএফটির মাধ্যমে উপকারভোগীদের মাঝে বিতরণ করা হচ্ছে। কিন্তু কোন কোন ক্ষেত্রে উপকারভোগীর মৃত্যু সংক্রান্ত তথ্য সমাজসেবা অফিসে জমা না হওয়ায় মৃত ভাতাভোগীর স্থলে সময়মত নতুন উপকারভোগী প্রতিস্থাপন করা সম্ভব হচ্ছে না। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জন্য বিষয়ে স্থায়ী কমিটির সভায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সদস্যদের আন্তরিক সহযোগিতা কামনা করা হয়। | অফিসার, কচুয়া, বাগেরহাট। |
| ৯. | জনবল | সভায় কচুয়া উপজেলা সমাজসেবা অফিসের জনবল সংকট বিষয়ে আলোচনা করা হয়। সভায় উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, কচুয়া উপজেলা সমাজসেবা অফিসে সর্বমোট ০৭ (সাত) জন মাঠকর্মীর স্থলে মাত্র ০১ (এক) জন মাঠকর্মী কর্মরত আছেন। উক্ত ০১ জন মাঠকর্মীর পক্ষে উপজেলাধীন সকল ইউনিয়নের ভাতা ও ঋণ কার্যক্রম পরিচালনা অত্যন্ত কষ্টসাধ্য হয়ে পড়ছে। এ বিষয়ে উপজেলা সমাজসেবা অফিসার সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। | - | - |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফিরোজ আহম্মেদ)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ
কচুয়া, বাগেরহাট।

স্মারক নং-৪১.০১.০১৩৮.০০০.১৪.০০১.১৯. ২১৪

তারিখ: ১২/১০/২০২১ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, বাগেরহাট।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কচুয়া, বাগেরহাট।
৩. উপজেলা নির্বাহী অফিসার, কচুয়া, বাগেরহাট।
৪. অফিস কপি।

12.10.2021

(শেখ হাসিবুর রহমান)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ
কচুয়া, বাগেরহাট।